



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেডপিপল্‌স ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৪ ফেব্রুয়ারি ২০১৯

### প্রেস বিজ্ঞপ্তি

## ইউপিডিএফ'র কেন্দ্রীয় নেতা আনন্দ প্রকাশ চাকমাকে গ্রেফতারের নিন্দা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর কেন্দ্রীয় দপ্তর থেকে আজ ২৪ ফেব্রুয়ারি ২০১৯, রবিবার সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বিবৃতিতে আইন-শৃঙ্খলা বাহিনী কর্তৃক দলটির দপ্তর সম্পাদক আনন্দ প্রকাশ চাকমাকে গ্রেফতারের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানানো হয়েছে।

বিবৃতিতে অভিযোগ করে বলা হয়, চিকিৎসার জন্য ঢাকায় গেলে গতকাল শনিবার (২৩ ফেব্রুয়ারি ২০১৯) রাত সাড়ে ৭টার সময় ঢাকার শেরেবাংলা এলাকার একটি বাসা থেকে সাদা পোশাকধারী আইন-শৃঙ্খলা বাহিনীর একদল সদস্য আনন্দ প্রকাশ চাকমাকে অসুস্থ অবস্থায় গ্রেফতার করে নিয়ে যায়। এরপর থেকে তাঁর কোন খোঁজ পাওয়া যাচ্ছে না। ফলে তার জীবন নিয়ে আশঙ্কা দেখা দিয়েছে।

বিবৃতিতে অবিলম্বে আনন্দ প্রকাশ চাকমাকে নিঃশর্ত মুক্তি দেয়ার জোর দাবি জানানো হয়েছে।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।